

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র”

নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭/২২২৯

তারিখঃ ২৪/১০/২০১৭খ্রিঃ।

প্রেরকঃ এ. কে. এম. আনিছুলজামান  
সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে মিউনিসিপ্যালিটি/পৌরসভা সাহায্য মঞ্জুরী-দাফন অনুদান খাত হতে নিঃস্ব বেওয়ারিশ লাশ দাফনের জন্য আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস,কে,দাস রোড, ঢাকা এর বিপরীতে অর্থ ছাড়করণ (২য় কিস্তি) প্রসঙ্গে।

মহোদয়,


স্থানীয় সরকার বিভাগের ২৯/০৮/২০১৭ তারিখে ৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৩.১৫/২০৫৬ নম্বর স্মারকে জারিকৃত বিভাজন অনুযায়ী ২০১৭-১৮ অর্থ বছরে নিঃস্ব বেওয়ারিশ লাশ দাফনের জন্য আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস,কে,দাস রোড, ঢাকা -এর জন্য রক্ষিত ৫৮,৮০,০০০/- (আটান্ন লক্ষ আশি হাজার) টাকা হতে ২য় কিস্তি বাবদ ১৪,৭০,০০০/- (চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। এ মঞ্জুরীকৃত অর্থ ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় রাজস্ব (অনুল্লয়ন) বাজেটের মঞ্জুরী নং-৩৪ হিসাবের খাত-৩-৩৭০৫-৩৭৫৭-৫৯০১ মিউনিসিপ্যালিটি/পৌরসভা-সাহায্য মঞ্জুরী-দাফন অনুদান খাতে বরাদ্দকৃত ১,১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) টাকা হতে মিটানো হবে।

৩। স্থানীয় সরকার বিভাগের প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে নির্বাহী পরিচালক, আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস,কে,দাস, রোড, ঢাকা -এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৪। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০১৮ তারিখের মধ্যে সমর্পন করতে হবে।

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।


  
(এ. কে. এম. আনিছুলজামান)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৪০৫৬

নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭/২২২৯

তারিখঃ ২৪/১০/২০১৭খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১)}।
- ০২। নির্বাহী পরিচালক, আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস, কে, দাস রোড, ঢাকা-১২০৪।
- ০৩। উপ-সচিব (বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(এ. কে. এম. আনিছুলজামান)  
সহকারী সচিব